# কাঠের পা

আনোয়ারা সৈয়দ হক

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. কার নেতৃত্বে নয় নম্বর সেক্টরে বিশাল মুক্তিবাহিনীর দল গড়ে ওঠে?**
ⓚ ক্যাপ্টেন সিতারা বেগমের ● ক্যাপ্টেন শাজাহানের
ⓖ ক্যাপ্টেন হালিমের ⓘ ক্যাপ্টেন জামিলের

**২. নয়নের বাবার মুক্তিযোদ্ধা জীবনের ইতি হওয়ার কারণ–**
● দুটো পা হারানো ⓚ দুটো নকল পা হওয়া
ⓖ কাঠের পা হওয়া ⓘ যুদ্ধ শেষ হওয়া

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
ক্র্যাচে ভর দিয়ে ধীরে ধীরে মুক্তিযোদ্ধা আরমান আলী এসে দাঁড়ায় ছেলের চায়ের দোকানে। ছেলে দুটো বিস্কুট আর এক কাপ চা দেয়। আরমান আলী চা খায় আর ভাবে এমন জীবন থাকার চেয়ে না থাকাই ভালো, যাকে এক কাপ চায়ের জন্য নির্ভর করতে হয় ছেলের আয়ের উপর।

**৩. কাঠের পা গল্পের যে দিক মুক্তিযোদ্ধা আরমান আলীর জীবনে দেখতে পাওয়া যায়, তা হল–**
i. একজন মুক্তিযোদ্ধার জীবনের অসহায়ত্ব
ii. একজন মুক্তিযোদ্ধার জীবনের পরনির্ভরশীলতা
iii. একজন মুক্তিযোদ্ধার জীবনের ইতিহাস
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৪. নিম্নের যে বৈশিষ্ট্যের জন্য আরমান আলী আর নয়নের বাবাকে একসূত্রে বাঁধা যায় তা হলো, এরা দুজনই–**
ⓚ তিরস্কৃত মুক্তিযোদ্ধা ⓚ নির্যাতিত মুক্তিযোদ্ধা
ⓖ নিগৃহীত মুক্তিযোদ্ধা ● হতাশাগ্রস্ত মুক্তিযোদ্ধা

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠায় মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ

কাজল জন্মের পর থেকে দেখছে তার দাদা রহমান সাহেব হুইল চেয়ারে বসেই চলাফেরা করেন। বাথরুমে নিতে তার দাদি অনেক কষ্ট স্বীকার করে। এটা দেখে কাজলের খুব মায়া হয়। দাদি কাজলকে বলেছিল মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি হানাদার বাহিনী তোমার দাদাকে এমনভাবে মেরেছিল যে তিনি জীবনের জন্য পঙ্গু হয়ে যান। তার অপরাধ ছিল একটাই যে তিনি তখন বিশ্ববিদ্যালয়ের ছাত্র। কাজল দাদাকে প্রশ্ন করে তোমার এই অবস্থার জন্য তোমার মনে কি কোনো প্রতিক্রিয়া হয়? উত্তরে দাদা বলেন– আমার মতো এরকম হাজারো পঙ্গু মুক্তিযোদ্ধার পায়ের উপর ভর করেই তো দাঁড়িয়ে আছে আমাদের এই স্বাধীন বাংলাদেশ।

ক. খালের ওপারে ক্যাম্প বসিয়েছিল কারা?
খ. 'কাঠের পা' গল্পের নয়নের বাবাকে কাঠের পা বানিয়ে দেওয়া হয়েছিল কেন?
গ. 'কাঠের পা' গল্পের কোন বিষয়টি কাজলের দাদার জীবনে প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর।
ঘ. 'আমার মতো এ রকম হাজারো পঙ্গু মুক্তিযোদ্ধার পায়ের ওপর ভর করেই তো দাঁড়িয়ে আছে আমাদের এই স্বাধীন বাংলাদেশ। কাজলের দাদার এ মন্তব্যটির তাৎপর্য 'কাঠের পা' গল্পের আলোকে ব্যাখ্যা কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** খালের ওপারে ক্যাম্প বসিয়েছিল পাকিস্তানি মিলিটারিরা।

**খ** মাইন বিস্ফোরণে নয়নের বাবার পা দুটি উড়ে যাওয়ায় তাকে কাঠের পা বানিয়ে দেওয়া হয়েছিল।

আমাদের প্রিয় বাংলাদেশের স্বাধীনতা অর্জনের ক্ষেত্রে যে মানুষগুলো সর্বোচ্চ ত্যাগ করে যুদ্ধে গিয়েছিল তাদের মধ্যে নয়নের বাবা একজন। খালের ওপারে অবস্থান নেয়া পাকবাহিনীর ক্যাম্পকে ধ্বংস করতে গিয়ে মাইন বিস্ফোরণের ফলে দুটি পা হারান নয়নের বাবা। পা হারানোর বেদনাকে কিছুটা হলেও ভুলে থাকা এবং নিজের পায়ে পথ চলার জন্য দুটো নকল পা তৈরি করে দেয়া হলো নয়নের বাবাকে।

**গ** 'কাঠের পা' গল্পে নয়নের বাবা মুক্তিযুদ্ধের সময় পঙ্গুত্ব বরণ করার বিষয়টি কাজলের দাদার জীবনে প্রতিফলিত হয়েছে।

'কাঠের পা' গল্পে লেখক অত্যন্ত সুনিপুণভাবে বীর মুক্তিযোদ্ধাদের মহান আত্মত্যাগের বিষয়টি তুলে ধরেছেন। মুক্তিযোদ্ধারা জীবনের বিন্দুমাত্র মায়া না করে দেশমাতৃকার মঙ্গল লাভের আশায় ঝাঁপিয়ে পড়েছিল স্বাধীনতা যুদ্ধে। তেমনি একজন বীর মুক্তিযোদ্ধা নয়নের বাবা। যিনি মুক্তিযুদ্ধে দুটো পা হারিয়ে পঙ্গু হয়েছেন।

উদ্দীপকের কাজলের বাবাও একজন পঙ্গু মুক্তিযোদ্ধা, যিনি দেশের জন্য যুদ্ধ করতে গিয়ে দুটো পা–ই হারিয়েছেন। কাজলের দাদা ও নয়নের বাবা দুজনেই দেশমাতৃকার বীর সন্তান। দেশের জন্য তাঁরা দুজনই নিজের পা উৎসর্গ করেন। কাজলের দাদা দুই পা হারিয়ে এখন হুইল চেয়ারের মাধ্যমে চলাচল করেন। তিনি পঙ্গু হয়েও একজন মুক্তিযোদ্ধা হিসেবে গর্ববোধ করেন। সুতরাং বলা যায় 'কাঠের পা' গল্পের নয়নের বাবার মর্মান্তিক জীবন কাহিনি উদ্দীপকের কাজলের দাদার জীবনচিত্রে সুন্দরভাবে প্রতিফলিত হয়েছে।

**ঘ** আমার মতো এ রকম হাজার পঙ্গু মুক্তিযোদ্ধার পায়ের উপর ভর করেই তো দাঁড়িয়ে আছে আমাদের স্বাধীন বাংলাদেশ' কাজলের বাবার এ মন্তব্যটি তাৎপর্যপূর্ণ।

লাখো শহিদের রক্ত, হাজার মানুষের অঙ্গহানির বিনিময়েই আমরা পেয়েছি আমাদের স্বাধীনতা। মহান মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগের মধ্যদিয়েই আজ আমরা স্বাধীন দেশের নাগরিক।

প্রশ্নোলিরখিত কাজলের দাদার মন্তব্যটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। স্বাধীনতার লাল সূর্যকে ছিনিয়ে আনতে ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল লাখো বাঙালি। যাদের মহান ত্যাগ এনে দিয়েছে এদেশের স্বাধীনতা। 'কাঠের পা' গল্পের নয়নের বাবা কিংবা উদ্দীপকের কাজলের দাদু তেমনি সব বীর মুক্তিযোদ্ধা। কাজলের দাদা বা নয়নের বাবার মতো লাখো বাঙালি স্বাধীনতার স্বপ্নে বিভোর হয়ে নেমে পড়েছিলেন স্বাধীনতা যুদ্ধে। দেশের জন্য তাঁরা ঝাঁপিয়ে পড়েছিল পাকিস্তানিদের অস্ত্রের মুখে। তাঁদের আত্মত্যাগের উপর দাঁড়িয়ে আছে আমাদের স্বাধীন বাংলাদেশ পাকবাহিনীর আধুনিক অস্ত্রশস্ত্রের সামনে নামমাত্র অস্ত্র নিয়ে যুদ্ধ করেছে সাহসী মুক্তিযোদ্ধারা। দেশমাতৃকার মুক্তি কামনায় সদা তৎপর এ মহামানবদের অবদান বাঙালি জাতি চিরকাল স্মরণ রাখবে। যুদ্ধে অংশ নেয়া মুক্তিযোদ্ধারা অনেকেই প্রাণ হারিয়েছেন কেউবা আহত হয়ে পঙ্গু জীবনযাপন করছেন। এ মানুষগুলোর আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে স্বাধীনতা।

তাই বলা যায়, 'কাঠের পা' গল্পের নয়নের বাবা কিংবা কাজলের দাদুর মতো হাজার পঙ্গু মুক্তিযোদ্ধার পায়ের ওপর ভর করেই দাঁড়িয়ে আছে আমাদের স্বাধীন বাংলাদেশ।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিক্ষার্থীদের পরীক্ষা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**➲ লেখক পরিচিতি ➡ বোর্ড বই, পৃষ্ঠা ২৮**

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. আনোয়ারা সৈয়দ হক কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ক ১৯৩০ খ ১৯৩৫ ● ১৯৪০ ঘ ১৯৫০

**২. আনোয়ারা সৈয়দ হক কোন জেলায় জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ক ফরিদপুর খ নরসিংদী গ ভোলা ● যশোর

**৩. আনোয়ারা সৈয়দ হকের পেশা কী?** (জ্ঞান)
● চিকিৎসা খ শিক্ষকতা গ সাংবাদিকতা ঘ সাহিত্য রচনা

**৪. নিচের কোনটি আনোয়ারা সৈয়দ হক রচিত গ্রন্থ?**
● ছানার নানা বাড়ি খ পিটকুড়লি উৎসব
গ খোকনের মামা বাড়ি ঘ বনফুল

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫. আনোয়ারা সৈয়দ হক সম্পর্কে সঠিক তথ্য হলো–** (অনুধাবন)
i. তিনি মনোরোগ বিশেষজ্ঞ ii. তিনি অধ্যাপক
iii. তিনি শিশু সাহিত্যিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৬. আনোয়ারা সৈয়দ হক রচিত গ্রন্থ হলো–** (অনুধাবন)
i. বাবার সঙ্গে ছানা ii. হীরে মানিক জ্বলে
iii. ছানা ও মুক্তিযুদ্ধ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. আনোয়ারা সৈয়দ হক যে পুরস্কার লাভ করেন–** (অনুধাবন)
i. অগ্রণী ব্যাংক সাহিত্য পুরস্কার
ii. অনন্যা সাহিত্য পুরস্কার
iii. কবীর চৌধুরী শিশু সাহিত্য পুরস্কার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**➲ মূলপাঠ ➡ বোর্ড বই, পৃষ্ঠা ২৫-২৮**

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮. ক্যাপ্টেন শাজাহান কখন পাকিস্তানি মিলিটারিদের আক্রমণ করবেন বলে মনস্থির করলেন?** (জ্ঞান)
ক বিকেলবেলা খ সকালবেলা গ সন্ধ্যাবেলা ● রাতেরবেলা

**৯. নয়নদের বাড়ির পাশে কাদের বাড়ি?** (জ্ঞান)
ক নিয়ামতদের ● মন্টুদের গ মেরিনাদের ঘ জরিনাদের

**১০. কত মাস ধরে মুক্তিযুদ্ধ হয়েছিল?** (জ্ঞান)
[ইউনাইটেড ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়, মাদারীপুর]
ক ছয় মাস খ পাঁচ মাস ● নয় মাস ঘ সাত মাস

**১১. লেখকের বড় হয়ে কোন বিষয়ে নিয়ে পড়ার ইচ্ছা?** (জ্ঞান)
ক ভূগোল ● ইতিহাস গ রাষ্ট্রবিজ্ঞান ঘ বাংলা

**১২. নয়নদের উঠোনে কোন গাছের চারা ছাতার মতো ডানা মেলে আছে?** (জ্ঞান)
ক কামিনী গাছের চারা ● কাঠবাদামের চারা
গ পেয়ারা গাছের চারা ঘ মেহগনির চারা

**১৩. ক্যাপ্টেন শাজাহান লেখকের বাবাকে স্নেহ করত কেন?** (অনুধাবন)
● সাহসী মুক্তিযোদ্ধা হওয়ায় খ বয়স্ক মুক্তিযোদ্ধা হওয়ায়
গ দুর্ধর্ষ সৈনিক হওয়ায় ঘ শক্তিশালী সৈনিক হওয়ায়

**১৪. লেখকের বাবাকে কীসের পা দেয়া হলো?** (জ্ঞান)
ক স্বর্ণের পা খ রুপার পা ● কাঠের পা ঘ প্লাস্টিকের পা

**১৫. শত্রুপক্ষের সাথে গুলি বিনিময় করতে করতে একপর্যায়ে আনোয়ার টের পেল শত্রুপক্ষের কামানের গুলিতে তার বাম পাটি বিচ্ছিন্ন হয়ে গেছে– 'কাঠের পা' গল্পে কার সাথে আনোয়ারের মিল রয়েছে?** (প্রয়োগ)
ক নয়নের ● নয়নের বাবার গ মন্টুর ঘ নিয়ামতের

**১৬. 'আমি তোমাকে ছেড়ে কোনোদিন যাব না বাবা। কক্ষনো না'– উক্তিটিতে প্রকাশ পেয়েছে?** (উচ্চতর দক্ষতা)
ক বাবার প্রতি অভিমান ● বাবার প্রতি ভালোবাসা
গ বাবার প্রতি রাগ ঘ বাবার প্রতি উপহাস

**১৭. 'তুমি নিজের পা অক্ষত রাখতে চাইলে আজ এই দেশে আমাদের মতো ছেলেরা তাদের দুটো পা-ই হারাত'– এখানে নয়নের কথার মধ্যে ফুটে উঠেছে?** (উচ্চতর দক্ষতা)
● মুক্তিযোদ্ধার বীরত্ব খ রাজাকারদের বীরত্ব
গ পাকবাহিনীর বীরত্ব ঘ মুক্তিযোদ্ধাদের যন্ত্রণা

**১৮. রাতে রাস্তার পাশে খোলা মাঠকে তেপান্তরের মাঠ বলে মনে হওয়ার কারণ হিসেবে যুক্তিযুক্ত হলো–** (উচ্চতর দক্ষতা)
● কুয়াশার বিস্তীর্ণতা খ চোখে ঝাপসা দেখা
গ উদাসীনতা ঘ অন্ধকারের প্রকটতা

**১৯. নয়নের বাবা কীভাবে পা হারিয়েছেন?** (অনুধাবন)
ক গাড়ি দুর্ঘটনায় খ রোগের কারণে
● মাইন বিস্ফোরণে ঘ গুলির আঘাতে

**২০. 'কাঠের পা' গল্পের কথকের নাম কী?** (জ্ঞান)
ক রিপন খ রাজন ● নয়ন ঘ জহির

**২১. 'কাঠের পা' গল্পে নয়নের বন্ধুর নাম কী?** (জ্ঞান)
● নিয়ামত খ লিয়াকত গ নিসার ঘ শাহজাহান

**২২. কত সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ সংঘটিত হয়?** (জ্ঞান)
ক ১৯৫২ খ ১৯৬৯ গ ১৯৭০ ● ১৯৭১

**২৩. পড়ার ইচ্ছা না থাকা সত্ত্বেও নয়ন পড়ে কেন?** (অনুধাবন)
● বাবার মন খারাপের ভয়ে খ বাবার শাসনের ভয়ে
গ শিক্ষকের নির্দেশ পালন করতে ঘ শিক্ষকের প্রহার এড়াতে

**২৪. নয়ন তার বন্ধুকে নিয়ে বাড়ির সামনের মাঠে কোন খেলা খেলে?** (জ্ঞান)
ক ফুটবল ● ব্যাডমিন্টন গ দাবা ঘ ক্রিকেট

**২৫. নয়ন কোন পাখি পোষে?** (জ্ঞান)
ক কবুতর খ টিয়া গ শালিক ● ময়না

**২৬. মন্টুদের বাড়ির পাশে কাদের বাড়ি?** (জ্ঞান)
● সত্যদের খ মেরিনাদের গ নিয়ামতদের ঘ আনিসদের

**২৭. নয়নদের গেটের পাশে কোন ফুলের ঝাড় রয়েছে?** (জ্ঞান)
● কামিনী খ কাঠগোলাপ গ গাঁদা ঘ জুঁই

**২৮. 'কাঠের পা' গল্পের নয়নের বয়স কত?** (জ্ঞান)
ক চৌদ্দ খ পনেরো ● ষোলো ঘ সতেরো

**২৯. নয়নের বাবা একজন–** (জ্ঞান)
● মুক্তিযোদ্ধা খ অধ্যাপক গ গীতিকার ঘ নাট্যাভিনেতা

**৩০. বাবা নতুন করে হাঁটতে শিখলেন কীভাবে?**
[পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়, যশোর]
ক হামাগুড়ি দিয়ে ● কাঠের পা লাগিয়ে
গ লাঠিতে ভর করে ঘ হুইল চেয়ার দিয়ে

**৩১. নয়নের বাবা কোন সেক্টরে যুদ্ধ করেছেন?**
[জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ]
ⓚ ৭ নম্বর  ⓚ ৮ নম্বর  ● ৯ নম্বর  ⓖ ১০ নম্বর

**৩২. একজন মুক্তিযোদ্ধার যা একান্ত প্রয়োজন—**
[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ; বিইউএসএমএস, পার্বতীপুর]
(ক) শক্তি  ● সাহস  (গ) অর্থ  (ঘ) সামর্থ্য

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৩. নয়নদের সংসার চলে যেভাবে—** (অনুধাবন)
i. সরকারি অনুদানে
ii. নয়নের বাবার রিপোর্ট তৈরির অর্থ দিয়ে
iii. নয়নের অর্থ উপার্জনের অর্থ দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  (খ) i ও iii  (গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

**৩৪. নয়নের বাবা মন খারাপ হলে যা করেন—** (অনুধাবন)
i. রিপোর্ট লেখা থেকে বিরত থাকেন
ii. পাখির সাথে কথা বলেন
iii. চুপচাপ জানালা দিয়ে তাকিয়ে থাকেন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  ● i ও iii  (গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

**৩৫. নয়নদের বাড়ির সীমানার ভেতর যে ফলের গাছ আছে—** (অনুধাবন)
i. আম  ii. পেয়ারা  iii. কাঁঠাল
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  ● i ও iii  (গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৬ ও ৩৭নং প্রশ্নের উত্তর দাও :**
রাজুর বাবা একজন পঙ্গু মুক্তিযোদ্ধা। রাজুকে নিয়েই তার বাবার সংসার। কোনো কোনোদিন বাবাকে রাজু চিনতে পারে না। চেনা বাবা হঠাৎ করে বড় অচেনা হয়ে যায়। এরকম হলে বাবা রাজুর সাথে বেশি কথা বলে না, বই পড়ে না। গল্প বলে না।

**৩৬. অনুচ্ছেদের রাজুর বাবার সাথে 'কাঠের পা' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?** (প্রয়োগ)
(ক) নয়নের  (খ) নিয়ামতের বার  ● নয়নের বাবার  (ঘ) ক্যাপ্টেনের

**৩৭. উক্ত চরিত্রটির হঠাৎ গম্ভীর হওয়ার কারণ—** (অনুধাবন)
● হতাশা  (খ) অভিমান  (গ) রাগ  (ঘ) খুশি

**➲ শব্দার্থ ও টীকা ➡ বোর্ড বই, পৃষ্ঠা ২৮**

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৮. 'অবত' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
(ক) দুর্বিনীত  (খ) দেশপ্রেমিক  ● আঘাতহীন  (ঘ) রাজনীতিবিদ

**৩৯. 'রাজাকার' শব্দের অর্থ কী?** (অনুধাবন)
(ক) দেশদ্রোহী  (খ) দেশপ্রেমিক  ● স্বেচ্ছাসেবক  (ঘ) রাজাকার

**৪০. শত্রুবদের বিরুদ্ধে আক্রমণের পূর্বে আক্রমণ এলাকা সংক্রান্ত খোঁজখবর নেওয়াকে কী বলা হয়?** (জ্ঞান)
● রেকি  (খ) অপারেশন  (গ) মাইন  (ঘ) রিপোর্ট

**৪১. বিস্ময়ে স্তব্ধ হয়েছে এমন বোঝাতে যে শব্দ ব্যবহার করা হয়—** (অনুধাবন)
● স্তম্ভিত  (খ) দুর্বিনীত  (গ) অনুদান  (ঘ) অসহায়

**৪২. 'রিপোর্ট' বলতে কী বোঝায়?** (অনুধাবন)
● প্রতিবেদন  (খ) অনুদান  (গ) রেকি  (ঘ) অপারেশন

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৩. গভীর বলতে বোঝায়—** (অনুধাবন)
i. গহিন  ii. দুর্গম
iii. দুর্মর
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  ● i ও iii  (গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

**➲ পাঠ পরিচিতি ➡ বোর্ড বই, পৃষ্ঠা ২৮**

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৪. বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের পটভূমিতে রচিত গল্প কোনটি?** (জ্ঞান)
(ক) কতকাল  ● কাঠের পা
(গ) ফাগুন মাস  (ঘ) আসমানি

**৪৫. নয়নের বাবার কখন মনে হয় ছেলেটি তাকে ছেড়ে চলে যাবে?** (জ্ঞান)
(ক) যখন নয়নের ১৬ বছর
(খ) যখন নয়নের ১২ বছর
(গ) খন নয়নের ১০ বছর
(ঘ) যখন নয়নের ৮ বছর

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৬. 'আমি তোমাকে ছেড়ে কোনোদিন কোথাও যাব না'– বাবার প্রতি নয়নের এ উক্তিতে প্রকাশ পায়—** (অনুধাবন)
i. বাবার প্রতি ভালোবাসা
ii. দেশপ্রেম
iii. পিতার প্রতি কর্তব্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  (খ) ii ও iii  (গ) i ও iii  (ঘ) i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১ ▸▸** ভীরবতা

জিয়াদ একটু বড় হয়ে যাওয়ার পর পরই তার বাবা–মায়ের ঘর থেকে তাকে আলাদা করে দেওয়া হয়। বাবা–মায়ের পাশের ছোট রবমটাতেই জিয়াদ থাকে। প্রথম দিকে জিয়াদ খুব ভয় পেত। বাবা–মা বুঝিয়ে দিতেন, ভয় পাওয়ার মতো কিছু নেই এখানে। তারপরও জিয়াদ একা ঘরে থাকতে পারে না।

ক. শত্রুবকে আক্রমণের পূর্বে আক্রমণ–এলাকা সংক্রান্ত খোঁজখবর নেওয়াকে কী বলা হয়? ১
খ. 'আমাকে নিয়ে মানুষজনের সামনে তোর খুব লজ্জা হয়, না রে?' নয়নের বাবা কেন এ প্রশ্ন করেছে? ২
গ. উদ্দীপকের জিয়াদের সাথে 'কাঠের পা' গল্পের লেখকের বৈসাদৃশ্য দেখাও। ৩
ঘ. "উদ্দীপকটি 'কাঠের পা' গল্পের সামগ্রিক বিষয় ধারণ করে না"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** শত্রুবকে আক্রমণের পূর্বে আক্রমণ–এলাকা সংক্রান্ত খোঁজখবর নেওয়াকে রেকি বলা হয়।

**খ** ব্যক্তিগত হীনম্মন্যতাবোধ থেকেই নয়নের বাবা এমন প্রশ্ন করেছিলেন।
মুক্তিযুদ্ধে পা হারিয়ে নয়নের বাবা স্বাভাবিক জীবনযাপন করতে পারে না বলে ছেলের তাকে নিয়ে লজ্জা হয় কি না সে প্রশ্নই ছেলেকে করেছেন। 'কাঠের পা' গল্পের নায়ক একজন মুক্তিযোদ্ধা। যুদ্ধের সময় একটি অপারেশনের পূর্বে শত্রুবর অবস্থান জানতে গিয়ে মাইন বিস্ফোরণে তার দুটো পা হাঁটুর নিচ থেকে উড়ে যায়। সেই থেকে কাঠের পা লাগিয়ে চলাফেরা করেন বলে ছেলের সাথে বেড়াতে যাওয়া, হইচই করা কিংবা

আনন্দ করতে পারে না। তাই তিনি ছেলে নয়নের কাছে কষ্ট নিয়ে জানতে চেয়েছেন মানুষজনের সামনে তাঁকে নিয়ে লজ্জা হয় কি না।

**গ** উদ্দীপকের জিয়াদের সাথে 'কাঠের পা' গল্পে লেখকের বৈসাদৃশ্য রয়েছে।

সাহসিকতার দিক থেকে উদ্দীপকের জিয়াদের সাথে 'কাঠের পা' গল্পের লেখকের বৈপরিত্য রয়েছে। উদ্দীপকের জিয়াদ বাবা–মায়ের পাশের ঘরটাতে ঘুমাতে চেষ্টা করে কিন্তু ভয় পায়। বাবা–মা তাকে বুঝিয়ে দেওয়ার পরও সে একা ঘরে থাকতে পারে না। 'কাঠের পা' গল্পে লেখক বাবার কাছ থেকে অন্য ঘরে ঘুমালেও ভয় পান না, বরং তার ভালোই লাগে।

তাই বলা যায়, উদ্দীপকের জিয়াদের সাথে 'কাঠের পা' গল্পের লেখকের বৈসাদৃশ্য রয়েছে।

**ঘ** উদ্দীপকটি 'কাঠের পা' গল্পের সামগ্রিক বিষয় ধারণ করে না— মন্তব্যটি যথার্থ।

'কাঠের পা' গল্পে মুক্তিযুদ্ধের ঘটনা ও একজন মুক্তিযোদ্ধার ব্যক্তিজীবন আলোচিত হয়েছে। উদ্দীপকে কেবল জিয়াদের চারিত্রিক বৈশিষ্ট্য আলোচিত হয়েছে।

উদ্দীপকে জিয়াদের বাবা–মায়ের কাছ থেকে অন্য ঘরে একা বসবাসের কথা আছে। 'কাঠের পা' গল্পে লেখকের বাবার কাছ থেকে ভিন্ন ঘরে বসবাস, লেখকের বাবা কীভাবে পঙ্গু হলেন, মুক্তিযুদ্ধের ঘটনাচিত্র পঙ্গু জীবনের যন্ত্রণা, তাদের পরিবারের জীবনযাপন ইত্যাদি বিষয় আলোচিত হয়েছে। উদ্দীপকে শুধু 'কাঠের পা' গল্পের লেখকের ভিন্ন ঘরে থাকার চিত্রটি প্রতিফলিত হয়েছে। কিন্তু 'কাঠের পা' গল্পে এ ছাড়াও মুক্তিযুদ্ধে আহত হওয়ার ঘটনা, লেখক ও তার বাবার জীবনযাপন সম্পর্কে আলোচনা করা হয়েছে যা উদ্দীপকে সম্পূর্ণ অনুপস্থিত।

তাই বলা যায়, উদ্দীপকটি 'কাঠের পা' গল্পের সামগ্রিক ভাবকে ধারণ করে না বরং খণ্ড অংশকেই ধারণ করে।

**প্রশ্ন– ২ ▸▸** মুক্তিযোদ্ধা ও তার পরিবারের অসহায় অবস্থা

১৯৭১ সালের মুক্তিযুদ্ধের পাকহানাদার বাহিনীর হাতে জায়েদার স্বামী শহিদ হন। পৃথিবীতে তার এখন কেউ নেই। দেশের জন্য জায়েদার স্বামী জীবন দিলেও কোনো মূল্যায়ন সে পায়নি। ভিৰা করে জীবন চলে জায়েদার। সরকারি অনুদানের জন্য স্থানীয় ইউপি সদস্যের কাছে গেলে 'পরে দেখব' বলে বিদায় করে দেয়।

ক. লেখকের বাবা সকালে কী করেন? ১

খ. লেখকের বাবা কীভাবে পা দুটি হারিয়েছেন? ২

গ. উদ্দীপকের জায়েদার সাথে 'কাঠের পা' গল্পের মুক্তিযোদ্ধার সম্পর্ক নিরূ পণ কর। ৩

ঘ. তুমি কি মনে কর আমাদের দেশের মুক্তিযোদ্ধারা সঠিক মূল্যায়ন পাচ্ছে? উদ্দীপক ও 'কঠোর পা' গল্পের আলোকে যুক্তিসহ উপস্থাপন কর। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** লেখকের বাবা সারাটা সকাল বইপত্র নিয়ে ঘাঁটাঘাঁটি করেন।

**খ** লেখকের বাবা রেকি করতে গিয়ে বিস্ফোরণে পা দুটি হারিয়েছেন।

ক্যাপ্টেন শাজাহান স্থির করলেন রাতের বেলা খাল পেরিয়ে পাকসেনাদের আক্রমণ করবেন। সেই হিসেবে লেখকের বাবাকে রেকি করতে পাঠানো হয়। মাঠের দুধারে মাইন পাতা ছিল যা তিনি ঘুণাৰরেও টের পাননি। মাইনের উপরে সরাসরি পা ফেলতেই বিস্ফোরণে তার দুটি পা–ই হাঁটুর নিচ থেকে উড়ে যায়।

**গ** অসহায়ত্ব ও মুক্তিযুদ্ধে অবদানের দিক দিয়ে জায়েদার সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক রয়েছে।

'৭১–এর মুক্তিযুদ্ধে লাখো মানুষ শহিদ হয়েছে। আবার অনেকে পঙ্গুত্ববরণ করে অসহায় জীবনযাপন করছেন। উদ্দীপকে শহীদ মুক্তিযোদ্ধার স্ত্রী জায়েদার অসহায়েত্বর সাথে পঙ্গু মুক্তিযোদ্ধার অসহায়ত্ব একই সুরে গাঁথা।

মুক্তিযুদ্ধের সময় নয় নম্বর সেক্টরের এক মুক্তিযোদ্ধা শত্রবর অবস্থান জানতে গিয়ে মাটিতে পুঁতে রাখা ল্যান্ডমাইন বিস্ফোরণে হাঁটুর নিচ থেকে দুটি পা উড়ে গেলে পঙ্গু হন। কাঠের পা লাগিয়ে চলাফেরা করায় ছেলে নয়নের সাথে বেড়াতে যাওয়া, হইচই বা আনন্দ ইত্যাদি সে করতে পারেন না। তাই অসহায়ের মতো ছেলের কাছে জানতে চেয়েছে তাকে নিয়ে মানুষের কাছে লজ্জা হয় কি না। উদ্দীপকের জায়েদার স্বামী মুক্তিযুদ্ধে শহিদ হন। শহিদ মুক্তিযোদ্ধার স্ত্রী হিসেবে সরকারি কোনো অনুদান না পাওয়ায় ভিৰা করে জীবন চালাতে হচ্ছে জায়েদাকে। ফলে তিনিও গল্পের মুক্তিযোদ্ধার মতো অসহায়।

তাই উপর্যুক্ত আলোচনা থেকে বলা যায় বীর মুক্তিযোদ্ধার দুঃখ, কষ্ট আর শহীদ মুক্তিযোদ্ধার স্ত্রী জায়েদার জীবনের দুঃখ–কষ্ট একই সূত্রে গাঁথা।

**ঘ** আমি মনে করি আমাদের দেশের মুক্তিযোদ্ধারা এখনো সঠিকভাবে মর্যাদা পাচ্ছেন না। এদিক দিয়েই জায়েদা ও মুক্তিযোদ্ধার সম্পর্ক সূচিত হয়েছে।

যাদের আত্মত্যাগ আর রক্তের বিনিময়ে আমরা পেয়েছি একটি মানচিত্র, একটি পতাকা একটি স্বাধীন দেশ। সেই বীর মুক্তিযোদ্ধারা আজও তাদের যথাযথ মূল্যায়ন পায়নি। এখনো অনেক মুক্তিযোদ্ধা পরিবার অনাহারে, অর্ধাহারে অসহায় জীবনযাপন করছে। উদ্দীপক ও গল্পে তারই প্রতিচ্ছবি লৰণীয়।

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে দেশের জন্য বীরের মতো লড়াই করেছেন মুক্তিযোদ্ধারা। এদের মাঝে কেউ শহিদ হয়েছেন কেউ হয়েছেন পঙ্গু। উদ্দীপকে তেমনি একজন মুক্তিযোদ্ধার স্ত্রীর কথা বর্ণনা করা হয়েছে। স্বাধীনতা যুদ্ধে শহিদ হওয়া মুক্তিযোদ্ধার স্ত্রী জায়েদা কোনো সরকারি অনুদান পান না। এমনকি অনুদানের জন্য ইউপি সদস্যের কাছে গেলে তাকে পাত্তা দেয়া হয় না। ফলে ভিৰা করে জীবন চালান তিনি। একজন মুক্তিযোদ্ধার স্ত্রীর এমন অবমূল্যায়ন কখনো কাম্য হতে পারে না। অন্যদিকে 'কাঠের পা' গল্পের মুক্তিযোদ্ধা একটি অপারেশনের পূর্বে শত্রবর অবস্থান জানতে গিয়ে মাইন বিস্ফোরণে দুটি পা হারান। সেই থেকে কাঠের পা লাগিয়ে পঙ্গু জীবনযাপন করছেন তিনি। তার অসহায়ত্ব প্রকাশ পেয়েছে ছেলে নয়নের কাছে। তিনি মনে করেন পা না থাকার কারণে ছেলেকে নিয়ে বেড়াতে, হইচই করতে বা আনন্দ করতে পারেন না। ছেলের কাছে জানতে চান, তার সব বন্ধুর কাছে বাবার পঙ্গুত্বের কারণে লজ্জা পেতে হয় কি না। একজন মুক্তিযোদ্ধার এর চেয়ে বড় অসহায়ত্ব আর হতে পারে না। তাই বলা যায় যে আমাদের দেশের মুক্তিযোদ্ধারা সঠিক মূল্যায়ন পাচ্ছে না।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৩ ▸▸** স্বাধীনতার প্রকৃত সুফল

স্বাধীনতা অর্জনের চেয়ে রৰা করা কঠিন। এ কথাটি আমাদের সকলের জানা। কিন্তু আমরা ভুলে যাই বাংলাদেশের স্বাধীনতার জন্য যাঁরা জীবন দিয়েছেন তাঁদের স্বপ্ন কী ছিল। বীর মুক্তিযোদ্ধারা শোষণ নির্যাতন ও অধিকার আদায়ের জন্যে বুকের তাজা রক্ত ঢেলে দিয়েছেন। যুদ্ধে আহত হয়ে দুর্বিষহ জীবনযাপন করছেন অনেকে। তাঁদের সেই স্বপ্ন বাস্তবায়িত না হলে স্বাধীনতার সত্যিকার সুফল কোনো দিন পূরণ হবে না।

ক. নয়নদের বাড়ির পাশে কাদের বাড়ি? ১

খ. নয়ন তার বাবাকে নিয়ে গর্ব করে কেন? ২

গ. উদ্দীপকের বক্তব্যের সাথে 'কাঠের পা' গল্পের সাদৃশ্য ব্যাখ্যা করে দেখাও। ৩

ঘ. মুক্তিযোদ্ধাদের স্বপ্ন বাস্তবায়িত হলে সত্যিকার স্বাধীনতার সুফল পাওয়া যাবে।— উক্তিটির যথার্থতা উদ্দীপক ও 'কাঠের পা' গল্পের আলোকে বিচার কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** নয়নের বাড়ির পাশে মন্টুদের বাড়ি।

**খ** নয়নের বাবা মুক্তিযোদ্ধা বলে নয়ন তার বাবাকে নিয়ে গর্ববোধ করে।

নয়ন একসময় অনুধাবন করে স্বাধীনতার প্রকৃত তাৎপর্য হচ্ছে মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ। তারা যুদ্ধ করেছে বলেই দেশ আজ স্বাধীন। সকলে আজ স্বাধীনভাবে চলাচল করতে পারছে। তাই নয়ন তার মুক্তিযোদ্ধা বাবাকে নিয়ে গর্ব করে।

***Xclusive লিংক** : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে—*

**গ** নয়নের বাবার স্বাধীনতা অর্জনের সাথে সকল মুক্তিযোদ্ধাদের স্বাধীনতা অর্জনের আকাঙ্ক্ষার সাদৃশ্যের বিষয়টি তুলে ধরতে হবে।

**ঘ** মুক্তিযোদ্ধারা যে স্বাধীন বাংলার স্বপ্ন দেখেছিলেন এবং স্বাধীনতা পরবর্তী সময়ে বাংলাদেশে অবহেলিত মুক্তিযোদ্ধাদের জীবন বাস্তবতা তুলে ধরতে হবে।

## নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

### ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ নয় নম্বর সেক্টরে কার নেতৃত্বে মুক্তিবাহিনীর বিশাল দল গড়ে ওঠে?**

**উত্তর :** নয় নম্বর সেক্টরে ক্যাপ্টেন শাজাহানের নেতৃত্বে মুক্তিবাহিনীর বিশাল দল গড়ে ওঠে।

**প্রশ্ন ॥ ২ ॥ কোথায় নয়নের বাবার দীর্ঘদিন চিকিৎসা হলো?**

**উত্তর :** সীমান্তের ক্যাম্পে নয়নের বাবার দীর্ঘদিন চিকিৎসা হলো।

**প্রশ্ন ॥ ৩ ॥ পাকিস্তানি মিলিটারিদের সাথে সাথে কারা ঘুরত?**

**উত্তর :** পাকিস্তানি মিলিটারিদের সাথে সাথে রাজাকাররা ঘুরত।

**প্রশ্ন ॥ ৪ ॥ মিলিটারি ক্যাম্প আক্রমণের আগের দিন নয়নের বাবাকে কী করতে পাঠানো হয়েছিল?**

**উত্তর :** মিলিটারি ক্যাম্প আক্রমণের আগের দিন নয়নের বাবাকে রেকি করতে পাঠানো হয়েছিল।

**প্রশ্ন ॥ ৫ ॥ কীসের বিস্ফোরণে নয়নের বাবার পা উড়ে গিয়েছিল?**

**উত্তর :** মাইন বিস্ফোরণে নয়নের বাবার পা উড়ে গিয়েছিল।

**প্রশ্ন ॥ ৬ ॥ নয়নের বাবার নকল পা কীসের তৈরি ছিল?**

**উত্তর :** নয়নের বাবার নকল পা কাঠের তৈরি ছিল।

**প্রশ্ন ॥ ৭ ॥ 'কাঠের পা' গল্পটি কে লিখেছেন?**

**উত্তর :** 'কাঠের পা' গল্পটি লিখেছেন আনোয়ারা সৈয়দ হক।

**প্রশ্ন ॥ ৮ ॥ রাজাকারেরা কাদের সাহায্য করত?**

**উত্তর :** রাজাকারেরা পাকিস্তানি মিলিটারিদের সাহায্য করত।

### ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ নয়নের বাবার মুক্তিযোদ্ধা জীবনের ইতি ঘটল কেন?**

**উত্তর :** মাইন বিস্ফোরণে গুরুতর আহত হওয়ায় নয়নের বাবার মুক্তিযোদ্ধা জীবনের ইতি ঘটল।

নয়নের বাবা ছিলেন দেশপ্রেমিক বীর মুক্তিযোদ্ধা। রেকি করতে গিয়ে মাইনের আঘাতে দুটি পা হারান তিনি। পরিবেশজ্ঞান তীক্ষ্ণ থাকায় পাকিস্তানি বাহিনীর ক্যাম্পে আক্রমণ করার পূর্বে ক্যাম্প সম্পর্কে খোঁজখবর নিতে পাঠানো হয় নয়নের বাবাকে। খাল পেরিয়ে জঙ্গালের ধার ঘেঁষে মাঠ পার হয়ে ক্যাম্পে যাওয়ার পথে মাইন বিস্ফোরণে পা হারান তিনি। এরকম গুরুতর আহত হওয়ার ফলেই নয়নের বাবার মুক্তিযোদ্ধা জীবনের ইতি ঘটল।